

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়  
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বসুন্ধরা-২৭ (নীচ তলা), হাজীপাড়া  
জেলা কার্যালয়, সুনামগঞ্জ।

স্মারক নং-১৬.০৫.৯০০০.১০১.১১.০০২.২৩.২৬৩ (২)

তারিখ : ১১/০৯/২০২৩খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্পের সুনামগঞ্জ জেলা কার্যালয়ের অধীনে প্রকল্প মেয়াদে (৩১/১২/২০২৫খ্রি.পর্যন্ত) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রাক-প্রাথমিক স্তরের ০১টি কেন্দ্রে শিক্ষক পদে লোক নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শিক্ষাকেন্দ্রের নাম ও ঠিকানাঃ শ্রী শ্রী জগন্নাথ জিউর মন্দির, দোওজ, পৌরসভা, ওয়ার্ড নং-০৩, দিরাই, সুনামগঞ্জ।

নিয়োগের শর্তাবলী :

- ০১। আবেদনকারীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং শিক্ষাকেন্দ্র/মন্দিরের নিকটবর্তী স্থানে স্থায়ীভাবে বসবাসরত বাসিন্দা হতে হবে।
- ০২। প্রার্থীকে সনাতন (হিন্দু) ধর্মাবলম্বী এবং ধর্ম বিষয়ক জ্ঞান সম্পন্ন হতে হবে। খামের উপর আবেদনকৃত শিক্ষাকেন্দ্রের নাম ও শিক্ষাস্তর উল্লেখ করতে হবে।
- ০৩। আবেদনকারীকে আগামী ২০/০৯/২০২৩খ্রি. অফিস চলাকালীন সময়ের মধ্যে সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বসুন্ধরা-২৭ (নীচ তলা), হাজীপাড়া, সুনামগঞ্জ বরাবর সরাসরি/ডাকযোগে জমা প্রদান করতে হবে।
- ০৪। আবেদনের নির্ধারিত ফরম হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সুনামগঞ্জ এর ওয়েব সাইট [hrwt.sunamganj.gov.bd](http://hrwt.sunamganj.gov.bd) ও সুনামগঞ্জ জেলা অফিস থেকে সংগ্রহ করা যাবে।
- ০৫। আবেদনপত্রে অবশ্যই মোবাইল নম্বর স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ০৬। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস. এস. সি পাস হতে হবে।
- ০৭। আবেদনকারীগণের বয়স ২০/০৯/২০২৩খ্রি. তারিখে ২১-৪৫ বছর হতে হবে।
- ০৮। সকল ধরনের কেন্দ্রে সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত সপ্তাহের অন্যান্য দিন ২ ঘণ্টা ৩০ মিনিট করে পাঠদান করতে হবে এবং শিক্ষকের মাসিক সম্মানী ৫,০০০/ টাকা (সর্বসাকুল্যে) প্রদান করা হবে।
- ০৯। সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও প্রযোজ্য ক্ষেত্রে নাগরিক সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা ও জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ১১। অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ১২। উপর্যুক্ত শর্তাবলীর যে কোনো অংশ সংশোধন/সংযোজনসহ যে কোনো আবেদনপত্র গ্রহণ/বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ১৪। পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে প্রকল্পের জেলা কার্যালয় থেকে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে।
- ১৫। পরীক্ষার তারিখ, সময় ও স্থান টেলিফোনের মাধ্যমে জানানো হবে।

  
১১/০৯/২৩

(রবীন আচার্য্য।

সহকারী প্রকল্প পরিচালক

ও

সভাপতি

শিক্ষক নিয়োগ কমিটি-২

মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়